



স্মারক নং: ৫২.০১.০০০০.৪০৯.৪০.০৬৬.১৯-২৬২৪

তারিখ: ২২ কার্তিক ১৪২৮  
২৭ অক্টোবর ২০২১

বিষয়: জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় মূল শুমারির তথ্য সংগ্রহের লক্ষ্যে জেলা ভিত্তিক RMO কোড পুনরায় যাচাই সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় সারাদেশে একযোগে ষষ্ঠ “জনশুমারি ও গৃহগণনা ২০২১” ট্যাবলেট ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। মাঠপর্যায়ে শুমারির প্রস্তুতিমূলক কার্যক্রম হিসেবে ইতোমধ্যে প্রথম ও দ্বিতীয় জোনাল অপারেশন এবং CAPI পদ্ধতিতে সারাদেশে শুমারির প্রিটেন্স্ট কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী নভেম্বর ২০২১ খ্রি. সময়ে শুমারির পাইলটিং কার্যক্রম বিভাগ-গণনা এলাকা পর্যন্ত সম্পন্ন করার কর্মপরিকল্পনা রয়েছে। তাছাড়া, শুমারি জেলাসমূহে ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (ICMS) এ জিও কোড তথ্যাদি এন্ট্রির কার্যক্রম প্রায় সম্পন্ন হয়েছে।

২। উল্লেখ্য যে, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (ICMS) এর তথ্যাদি পর্যালোচনা করে দেখা যায়, শতকরা ৭৫% এলাকা পল্লী এলাকা যা ধারণার চেয়ে বেশী এবং শতকরা ২৫% এলাকা শহর এলাকা যা কম বলে প্রতীয়মান হচ্ছে।


৩। এমতাবস্থায়, আপনার শুমারি জেলায় সংযুক্ত জিওকোড তালিকায় RMO কোড পুনরায় যাচাই ও এর সঠিকতা নিশ্চিতপূর্বক ICMS এ ডাটাবেইজ সাম্প্রতিকীকরণ করে আগামী সাত (০৭) কার্যদিবসের মধ্যে সংযুক্ত প্রতিবেদন ছক অনুসারে নিম্নস্বাক্ষরকারী বরাবর ডাক যোগে পত্র প্রেরণ এবং সফট কপি (পিডিএফ) [dpdfield.phc2021@gmail.com](mailto:dpdfield.phc2021@gmail.com) এ ই-মেইল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রতিবেদন ছক

ক্র.নং	শুমারি জেলা	উপজেলার নাম	RMO কোড যাচাই		ICMS এ এন্ট্রি		মন্তব্য (মোট কয়টি EA এর RMO কোড পরিবর্তন করা হয়েছে।)
			হ্যাঁ	না	হ্যাঁ	না	

সংযুক্তি: শুমারি বিভাগ/জেলা ভিত্তিক জিওকোডের এক্সেল ফাইল।

জেলা শুমারি সমন্বয়কারী (প্রকল্প)  
..... শুমারি জেলা।

  
(কবির উদ্দিন আহম্মদ)  
প্রকল্প পরিচালক

০২-৫৫০০৭০০৮

ইমেইল: [pd\\_phc21@bbs.gov.bd](mailto:pd_phc21@bbs.gov.bd)

**বিতরণ: (কার্যার্থে)-**

১। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল),.....বিভাগ (আপনার অধীন সকল

উপপরিচালক/উপপরিচালক (ভা.প্রা.) গণকে অবহিতকরণের অনুরোধসহ।

২। উপপরিচালক/উপপরিচালক (ভা.প্রা.) (সকল),..... জেলা (আপনার জেলায় জোনাল অপারেশন

(২য়) এ দায়িত্ব প্রাপ্ত জেলা শুমারি সমন্বয়কারীগণ/ উপজেলা শুমারি সমন্বয়কারীগণ/জোনাল অফিসারগণের সাথে যোগাযোগ ও সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

৩। পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়,.....সকল উপজেলা।

**অনুলিপি: (সদয় অবগতির জন্য)-**

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)

২। স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।

৩। স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস (উপমহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।

৪। অফিস কপি।